বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০১.১৯.০০২.১৭-৬৭৯৯ তারিখঃ ০৪ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের ২য় এবং ৪র্থ পর্ব এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ২য় পর্বে অধ্যয়নরত বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের ২৪/০২/২০২০খ্রি: তারিখের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের (বর্তমান অধ্যয়নরত) অধ্যক্ষ বরাবর অভিভাবকের (পিতা/মাতা/উপর্যুক্ত অভিভাবক) প্রতিস্বাক্ষরসহ বদলি হতে ইচ্ছুক প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক (১ম পছন্দ ও ২য় পছন্দ নির্বাচন করে) আবেদন করতে হবে। বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠান (ছাড়পত্র প্রদানকারী) বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্র নিম্নে বর্ণিত **বদলির সাধারণ নীতিমালা** আলোকে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় তথ্যাদি অনলাইনে নিজ প্রতিষ্ঠানে Login করে প্রেরণ করতে হবে (শুধুমাত্র ২৫-২৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.) পর্যন্ত অনলাইনে তথ্য প্রেরণের জন্য সার্ভার খোলা থাকবে। সংশ্লিষ্ট সকলকে **বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক** অনুসারে কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ জানান হলো।

**বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক:**

| বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ | ছাড়পত্র প্রদানকরী প্রতিষ্ঠানের বোর্ডে অনলাইনে তথ্য প্রেরনের তারিখ | বদলির জন্য বোর্ড কর্তৃক মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ | মনোনীত শিক্ষার্থীদের বদলিকৃত প্রতিষ্ঠানে ভর্তির তারিখ | বদলিকৃত প্রতিষ্ঠানের বদলি ফি বাবদ ব্যাংক ড্রাফট বোর্ডে জমাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১৭-২৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি. | ২৫-২৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি. | ০২ মার্চ, ২০২০ খ্রি. | ০৪-০৮ মার্চ, ২০২০ খ্রি. | ১০-১১ মার্চ, ২০২০ খ্রি. |

## বদলির সাধারণ নীতিমালা:

১. আসন খালি থাকা ও এই নীতিমালার শর্তাবলী পূরণ সাপেক্ষে বদলি করা যাবে।

২. শিক্ষার্থী বদলির ক্ষেত্রে অবশ্যই টেকনোলজি ও প্রবিধানের মিল থাকতে হবে।

৩. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য় ও ৪র্থ পর্বের এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ২য় পর্বের শিক্ষার্থী বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে বদলির আবেদন করতে পারবে। কিন্তু এইচএসসি (বিজ্ঞান) পাসকৃত সরাসরি ৩য় পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীগণ এবং এইচএসসি (ভোকেশনাল) পাসকৃত সরাসরি ৪র্থ পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীগণ বদলিতে ভর্তির আবেদন করতে পারবে না ।

৪. কোন ক্রমেই অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলির জন্য আবেদন করতে পারবে না(রেফার্ড পরীক্ষায় উত্তীর্ণ হলেও কোন ক্রমেই বদলীর আবেদন করতে পারবে না)।

৫. সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/মেরিন ইন্সটিটিউট/ভিটিটিআই, বগুড়া/নেকটার, বগুড়ার শিক্ষার্থী সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/মেরিন ইন্সটিটিউট/ভিটিটিআই, বগুড়া/নেকটার, বগুড়াতে ও সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা কেবলমাত্র সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে। তবে ঐ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট টেকনোলজি থাকতে হবে এবং ঐ পর্বে শিক্ষার্থী থাকতে হবে।

৬. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী বদলির ক্ষেত্রে ০২ (দুই) প্রতিষ্ঠানের সম্মতিতে বর্তমানে অধ্যয়ণরত প্রতিষ্ঠান হতে ২৫-২৬ ফেব্রুয়ারি, ২০২০খ্রি. মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Login করে বোর্ড কর্তৃক প্রদত্ত ফরমে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে।

৭. কেবলমাত্র ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে।

৮. পিতা-মাতা সরকারি কর্মচারি হলে তাঁদের বদলির ক্ষেত্রে বদলিকৃত কর্মস্থল বা নিকটবর্তী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে তাঁদের সন্তান বদলিতে অগ্রাধিকার পাবে।

৯. বদলির ক্ষেত্রে অন্যান্য শর্ত পূরণ করলে ছাত্রীদের অগ্রাধিকার দেয়া হবে।

১০. প্রশাসনিক ও শৃংখলাজনিত কারনে অধ্যক্ষের সুপারিশের প্রেক্ষিতে নীতিমালার ক্রমিক নং ৩ এর শর্তাবলী শিথিল করে বদলি করা যাবে।

১১. পিতা/মাতার মৃত্যুজনিত কারনে শিক্ষার্থীর নিজ জেলা নিকটতম প্রতিষ্ঠানে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

১২. বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ বরাবর (বর্তমানে অধ্যায়ণরত প্রতিষ্ঠান) বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বদলি হতে ইচ্ছুক প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক (দুটি প্রতিষ্ঠান পছন্দ করা যাবে তন্মধ্যে ১ম পছন্দ ও ২য় পছন্দ থাকবে) অভিভাবকের (পিতা/মাতা/উপযুক্ত অভিভাবক) প্রতিস্বাক্ষরসহ আবেদন করতে হবে।

১৩. বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্র (অভিভাবকের প্রতিস্বাক্ষর সম্বলিত) যাচাই-বাছাই করে আগামী ২৫-২৬ ফেব্রুয়ারি, ২০২০খ্রি. তারিখের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Login করে বোর্ড কর্তৃক প্রদত্ত ফরমে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে।

১৪. সংশ্লিষ্ট ছাড়পত্র প্রদানকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠান শিক্ষার্থী প্রতি ১০০ (একশত) টাকা হারে ফি আদায় করতে পারবে।

১৫. Online-এ প্রাপ্ত আবেদন হতে মেধাক্রম অনুসারে শুন্য আসনে বদলির জন্য মনোনয়ন করা হবে।

১৬. বোর্ড কর্তৃক বদলির জন্য মনোনীত শিক্ষার্থী গ্রহণকারী (বদলিকৃত) প্রতিষ্ঠানে নির্ধারিত সময়ের মধ্যে বদলি ফি বাবদ ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকাসহ অন্যান্য ফিসমূহ প্রদানপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি সম্পন্ন হওয়ার পরে গ্রহণকারী (বদলিকৃত) প্রতিষ্ঠান বদলি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে ব্যাংক ড্রাফট করে এবং **বদলিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নামের তালিকাসহ** নির্ধারিত সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে। উল্লেখ্য প্রতিটি প্রতিষ্ঠানের মোট বদলিকৃত শিক্ষার্থীর বদলির জন্য একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে এবং একবারই জমা দিবেন।

১৭. বোর্ড কর্তৃক বদলির জন্য মনোনীত শিক্ষার্থী গ্রহণকারী (বদলিকৃত) প্রতিষ্ঠানে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি সম্পন্ন করতে ব্যর্থ হলে অথবা গ্রহণকারী (বদলিকৃত) নির্দিষ্ট সময়ের মধ্যে বদলিকৃত প্রতিষ্ঠান শিক্ষার্থীর বদলি ফি বাবদ প্রদেয় ব্যাংক ড্রাফট বোর্ডে জমা প্রদান না করলে বদলি মনোনয়ন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১৮. বদলিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি ও পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি যে প্রতিষ্ঠানে ভর্তি হবেন (বদলিকৃত প্রতিষ্ঠান) সেই প্রতিষ্ঠানের অধ্যক্ষ সংরক্ষণ করবেন।

১৯. বদলির ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

[বিঃ দ্রঃ ক্রমিক নং- ০৮ ও ক্রমিক নং-১১ এর ক্ষেত্রে Online-এ তথ্য প্রেরণের পাশাপাশি উপযুক্ত প্রমানকসহ আবেদনপত্রের Hardcopy পরিচালক (কারিকুলাম)-এর দপ্তরে ২৭ ফেব্রুয়ারি, ২০২০খ্রি. তারিখে জমা দিতে হবে।]

১৭/২/২০২০
(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.১৯.০০২.১৭-৬৭৯৯(৫০৯)

তারিখ ঃ ১৭/০২/২০২০খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবলায়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ, পুল ভবন, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬-৫০৫। অধ্যক্ষ.................................................................................................।
৫০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানান হল)।
৫০৭। উপ-সচিব(রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫০৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫০৯। নথি।

১৭.০২.২০২০
(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ইমেইলঃ bteb.dip@gmail.com